



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

রাজশাহী কলেজ, রাজশাহী।



e-mail: rcadmsn@gmail.com website: <http://rc.gov.bd> / <http://rc.edu.bd>
online news portal: <http://rc.edu.bd/rcbarta> Fax: 02588853145

স্মারক নং: ৩৭.০২.৮১২২.১০১.২৪. ২৫

তারিখ ২৫ বৈশাখ ১৪৩১ ব:
০৮ মে ২০২৪ খ্রি.

২০২১-২০২২ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামের ভর্তি কার্যক্রমে অনলাইন ২য় রিলিজ প্লিপ আবেদন সম্পর্কিত জরুরি বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০২১-২০২২ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে ভর্তি কার্যক্রমে অনলাইন রিলিজ প্লিপের অনলাইন আবেদন ০৮ মে ২০২৪ বিকাল ৪ টা থেকে শুরু হয়ে ১৪ মে ২০২৪ তারিখ রাত ১২টা পর্যন্ত চলবে। এই ভর্তি কার্যক্রমে যে সকল আবেদনকারী (ক) মেধা তালিকায় স্থান পায়নি (খ) মেধা তালিকায় স্থান পেয়েও ভর্তি হয়নি (গ) মেধা তালিকায় ভর্তি হয়ে পরবর্তীতে ভর্তি বাতিল করেছে, সে সকল আবেদনকারীকে মেধা তালিকায় স্থান পেতে অবশ্যই ২য় রিলিজ প্লিপে আবেদন করতে হবে। জাতীয় বিশ্ববিদ্যালয়ে নির্দিষ্ট ওয়েবসাইট (www.admissions.nu.ac.bd অথবা nu.ac.bd/admissions) লিঙ্কে গিয়ে এ সংক্রান্ত তথ্য জানা যাবে। উল্লেখ্য যে, কলেজ কর্তৃক ১ম অথবা ২য় পর্যায়ে যে সকল আবেদনকারীর প্রাথমিক আবেদন নিশ্চয়ন করা হয়নি, সে সকল আবেদনকারী রিলিজ প্লিপে আবেদন করতে পারবে না।

২০২১-২০২২ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) ভর্তি কার্যক্রমে ২য় রিলিজ প্লিপে অনলাইন আবেদন নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী সম্পন্ন করতে হবে।

ক্রমিক	করণীয়	তারিখ
ক)	<p>২০২১-২০২২ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) ভর্তি কার্যক্রমে ২য় রিলিজ প্লিপে অনলাইন আবেদন করার তারিখ:</p> <ul style="list-style-type: none">■ রিলিজ প্লিপে আবেদনের জন্য আবেদনকারীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের (www.nu.ac.bd/admissions) Applicant Login অপশনে Masters(Regular) Login লিঙ্কে গিয়ে প্রাথমিক আবেদন ফরমে উল্লিখিত রোল নম্বর ও পিন সঠিকভাবে এন্ট্রি দিতে হবে। এক্ষেত্রে আবেদনকারীর নাম ও অন্যান্য তথ্যসহ রিলিজ প্লিপের আবেদন ফরম ওয়েবসাইটে প্রদর্শিত হবে।■ এ পর্যায়ে আবেদনকারী বিভাগ ও জেলাভিত্তিক College Selection Option এ গিয়ে যে কোন কলেজ Select করলে ঐ কলেজে তার ভর্তি যোগ্য Eligible বিষয়ে শূন্য আসনের তালিকা দেখতে পাবে। আবেদনকারীকে প্রতিটি কলেজের ক্ষেত্রে বিষয়ভিত্তিক শূন্য আসনের তালিকা থেকে তার ভর্তি যোগ্য Eligible বিষয় নির্ধারণ করে এন্ট্রি দিতে হবে। এভাবে একজন আবেদনকারী পর্যায়ক্রমে তার পছন্দ অনুযায়ী তিনটি কলেজে বিষয় পছন্দক্রমে নির্ধারণ করে ২য় রিলিজ প্লিপের আবেদন ফরম পূরণ করবে।■ আবেদনকারীকে ২য় রিলিজ প্লিপের আবেদন ফরম ডাউনলোড করে অফসেট সাদা কাগজে প্রিন্ট/পিডিএফ কপি সংগ্রহ করতে হবে তবে এই ফরমটি আবেদনকৃত কলেজসমূহে জমা দিতে হবে না এবং আবেদনকারীকে কোন ফি প্রদান করতে হবে না।■ ২য় রিলিজ প্লিপের আবেদন সংশ্লিষ্ট কলেজ কর্তৃক অনলাইনে নিশ্চয়ন করতে হবে না।	০৮/০৫/২০২৪ থেকে ১৪/০৫/২০২৪

স্বাঃ
অধ্যক্ষ

রাজশাহী কলেজ, রাজশাহী

স্মারক নং: ৩৭.০২.৮১২২.১০১.২৪.

তারিখ ২৫ বৈশাখ ১৪৩১ ব:
০৮ মে ২০২৪ খ্রি.

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। বিভাগীয় প্রধান, সংশ্লিষ্ট সকল বিভাগ, রাজশাহী কলেজ, রাজশাহী।
- ২। আহ্বায়ক, মাস্টার্স শেষ পর্ব ভর্তি কমিটি ২০২১-২০২২ শিক্ষাবর্ষ, রাজশাহী কলেজ, রাজশাহী।
- ৩। ম্যানেজার, ডাচবাংলা মোবাইল ব্যাংক, রাজশাহী/ম্যানেজার, ডাচবাংলা ব্যাংক লিঃ, অলকার মোড়, রাজশাহী
- ৪। আইসিটি, রাজশাহী কলেজ, রাজশাহী।
- ৫। ক্যাশিয়ার, রাজশাহী কলেজ, রাজশাহী।
- ৬। নথি সংরক্ষণ।

অধ্যক্ষ ০৮/০৫/২০২৪
রাজশাহী কলেজ, রাজশাহী
০৮/০৫/২০২৪